

APR. 06 2002

বৈনিক ইত্তেফাক

রিখ	.....
পৃষ্ঠা	.....

## দুর্নীতির অভিযোগে পটুয়াখালীতে কলেজ অধ্যক্ষ সাসপেন্ড

পটুয়াখালী সংবাদদাতা ॥ অনিয়ম, দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগে পটুয়াখালী একেএম কলেজের অধ্যক্ষ দুলাল চন্দ্র সাহাকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। শুক্রবার বিকালে স্থানীয় সার্কিট হাউসে কলেজ গভর্নিং বডি'র সভাপতি স্বরঞ্জন মন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অবঃ) আলতাফ হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। কলেজ শিক্ষক ও ছাত্রদের লিখিত অভিযোগ তদন্তের জন্য আমিনুল হক আহসানকে আহবায়ক করে ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কলেজের উপাধ্যক্ষ মোঃ মজিবুর রহমানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়া হয়েছে। গত বৃহস্পতিবার ছাত্ররা কলেজ তালাবদ্ধ করে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট ডাক দিয়েছিল।